গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

তারিখ : ০৬ আগস্ট, ২০২৬ খ্রি.

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৫.০৯৯.০১১.২৬. ১৬০

**বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের ২০২২-২০২৩ হতে ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত শিক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক প্রেরিত অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এর আলোকে অডিট আপত্তির ব্রডশিট জবাব প্রেরণ প্রসঙ্গে অনলাইন সভা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ হতে ব্রডশিট জবাব যথাসময়ে প্রেরণ না করায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে বিভিন্ন সময়ে পত্র প্রেরণের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে টেলিফোনিক যোগাযোগ এবং তাগিদ পত্র/ঘাটতি পত্র প্রেরণ করার পরেও অদ্যবধি কিছু প্রতিষ্ঠান হতে কতিপয় অনুচ্ছেদের ব্রডশিট পাওয়া যায়নি। এসংক্রান্ত বিষয়ে অত্র দপ্তর হতে একটি তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রতিষ্ঠানসমূহের সাথে অনিষ্পন্ন/জবাব প্রেরণ না করা অডিট অনুচ্ছেদের সমন্বয় সাধন এবং জবাব প্রেরণ না করা অনুচ্ছেদসমূহের ব্রডশিট জবাব প্রাপ্তির উদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রতিষ্টানসমূহকে নিয়ে আগামী ১১ আগস্ট, মঙ্গলবার অপরাহ্ন (০৩:০০) ঘটিকায় একটি অনলাইন সভা মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের সভাপতিত্বে আয়োজন করা হয়েছে।

২। এমতাবস্থায়, উক্ত সভার অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং অডিটের কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণকে তার দপ্তরের অনিষ্পন্ন/জবাব প্রেরণ না করা অডিট অনুচ্ছেদের বিস্তারিত তথ্য প্রমাণকসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (প্রস্তুতকৃত তালিকা)।

০৬.০৮.২৬

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অধ্যক্ষ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল।
২। অধ্যক্ষ, চট্টগ্রাম/গোপালগঞ্জ/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/ফেনী/বগুড়া/খুলনা সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট।
৩। অধ্যক্ষ, ফেনী সরকারি কম্পিউটার ইন্সটিটিউট, ফেনী।
৪। অধ্যক্ষ, ভোকেশনাল টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
৫। অধ্যক্ষ, মানিকগঞ্জ/কক্সবাজার/মাইজদী/ঝালকাঠি/নেত্রকোনা/গৌরীপুর/হোসেনাবাদ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
৬। সহকারী পরিচালক-১ ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (১২ জনের নাস্তার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কশপ, নারায়ণগঞ্জ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩। সহকারী পরিচালক(সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণ এবং সভার আয়োজন করার অনুরোধসহ);
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। সংশ্লিষ্ট নথি।

D:\GOBINDA BASAK\2025\AUDIT LETTER (GENARL & ADVANCE) 2025\November -2025.DOC

## ৩. সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কশপ, নারায়ণগঞ্জ।

| ক্র. নং. | আপত্তির সন | অনুচ্ছেদ নং | আপত্তির বিষয় | টাকার পরিমান | আপত্তির ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২০২৩-২০২৪ | ৬ | সরকার নির্ধারিত (এয়ার মার্ক) বাসা থাকা সত্ত্বেও বাড়ি ভাড়া ভাতা গ্রহণ এবং কোয়ার্টারে বসবাস করা সত্ত্বেও প্রতিষ্ঠানের কর্মচারীদের নিকট হতে নির্ধারিত হারে বাড়িভাড়া আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি | ৩৪০৭৭৯ | অগ্রিম | |